# জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে উপজেলা কমিটির সভার কার্যবিবরনী:

সভাপতি : মোঃ আব্দুল করিম, উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, রাজশাহী।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের অফিস কক্ষ, দূর্গাপুর, রাজশাহী।
সভার তারিখ : ১২ মার্চ ২০২৪ খ্রি:, সময়: ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | পদবী | কমিটির পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক | স্বাক্ষরিত |
| ০২ | অধ্যক্ষ, দাওকান্দি সরকারি ডিগ্রী কলেজ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | অধ্যক্ষ, দূর্গাপুর ডিগ্রী কলেজ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | অধ্যক্ষ, দূর্গাপুর মহিলা ডিগ্রী কলেজ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | অধ্যক্ষ, দূর্গাপুর ফাজিল(ডিগ্রী) মাদ্রাসা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৬ | প্রধান শিক্ষক, দূর্গাপুর বালিকা উচ্চ বিদ্যালয় | সদস্য | স্বাক্ষরিত |
| ০৭ | প্রধান শিক্ষক, দূর্গাপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয় | সদস্য | স্বাক্ষরিত |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সদিচব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের গত ১৯/০২/২০২৪ খ্রি: তারিখের ৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.৩৪-৬৪ নং স্মারকে জারিকৃত "জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ উদযাপনের নীতিমালা (সংশোধিত ২০২৪)" সভায় পাঠ করে শুনান। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত - ১ ঃ তারিখ ও স্থান নির্ধারণ ঃ উপজেলা পর্যায়ে আগামী ২২/০৪/২০২৪ ও ২৩/০৪/২০২৪ খ্রি: তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে উপজেলা পরিষদ হল রুমে প্রতিযোগিতাসমূহ অনুষ্ঠিত হবে। উপজেলা পর্যায়ে ১৬ টি ইভেন্ট ৪ টি গ্রুপে মোট ৬৪ জন বিজয়ীকে এবং প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান হতে ০১ জন শ্রেষ্ঠ শিক্ষার্থী, ০১ জন শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক, ০১ জন শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, ০১ টি শ্রেষ্ঠ প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্ল গাইড, শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ বি.এন.সি.সি, শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইড গ্রুপ, শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ নির্বাচন করে আগামী ২৫/০৪/২০২৪ খ্রি: তারিখে জেলায় প্রেরণ করতে হবে।

সিদ্ধান্ত- ২ ঃ উপজেলায় অংশগ্রহনের জন্য সকল পর্যায়ের প্রতিযোগীর নামের তালিকা প্রয়োজনীয় প্রমানাদিসহ আগামী ১৬/০৪/২০২৪ তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে। বিভিন্ন পর্যায়ে শ্রেষ্ঠ ছাত্র/শিক্ষক প্রতিযোগিতায় অংশগ্রহনের জন্য সাইজের কাগজে ফটোকপি/কালার প্রিন্ট করে স্পাইরাল বাইন্ডিং করে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত- ৩ ঃ বিচারক প্যানেল গঠন ঃ জাতীয় শিক্ষা সপ্তাহ/২০২৪ সুষ্ঠ,সুন্দর ও নিরপেক্ষভাবে সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত ছক মোতাবেক বিচারক প্যানেল গঠনে সিদ্ধান্ত গৃহীত হলো।

| ক্রমিক নং | বিচারকগণের নাম | প্রতিযোগিতার বিষয় | গ্রুপ নির্ধারণ | তারিখ,সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ০১ | ১। মো: নুরুল আমিন,ইমাম উপজেলা পরিষদ জামে মসজিদ<br>২। ফিল্ড, সুপারভাইজার,ইসলামিক ফাউন্ডেশন<br>৩। মাওলানা জহুরুল ইসলাম দূর্গাপুর জামিউল উলুম কওমী মাদ্রাসা | ১। ক্বেরাত<br>২। হামদ/নাত | ক গ্রুপ ঃ ৬ষ্ঠ হতে ৮ম<br>খ গ্রুপ ঃ ৯ম হতে ১০ম<br>গ গ্রুপ ঃ ১১শ হতে ১২শ<br>ঘ গ্রুপ ঃ ১৩শ হতে ১৭শ | তাং- ২২/০৪/২০২৪<br>সকাল ঃ ১০.০০ ঘটিকা<br>স্থান ঃ উপজেলা পরিষদ হল রুম |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ১। উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>২। উপজেলা সমাজসেবা অফিসার<br>৩। উপজেলা পরিসংখ্যান অফিসার<br>৪। উপজেলা একাডেমিক সুপারভাইজার<br>৫। সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | ৩। বাংলা রচনা প্রতিযোগিতা<br>৪। ইংরেজি রচনা (ক ও খ গ্রুপ) (বিচারকগণ তাৎক্ষণিক বিষয় নির্ধারণ করবেন)<br>৫। ইংরেজি বক্তব্য (গ ও ঘ গ্রুপ)<br>৬। বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত)<br>৭। বিতর্ক প্রতিযোগিতা(একক) | ক গ্রুপ ঃ ৬ষ্ঠ হতে ৮ম<br>খ গ্রুপ ঃ ৯ম হতে ১০ম<br>গ গ্রুপ ঃ ১১শ হতে ১২শ<br>ঘ গ্রুপ ঃ ১৩শ হতে ১৭শ | তাং- ২২/০৪/২০২৪<br>সকাল ঃ ১০.০০ ঘটিকা<br>স্থান ঃ উপজেলা পরিষদ হল রুম |
| ০৩ | ১। অধ্যক্ষ,দুর্গাপুর মহিলা ডিগ্রী কলেজ<br>২। তারকনাথ মজুমদার,(অবঃ শিক্ষক, দূর্গাপুর সরকারি পাইলট উচ্চ বিদ্যা)<br>৩। রথীন্দ্রনাথ, ধরমপুর কলেজ<br>৪। রাকতিবুল ইসলাম, প্রঃশিঃ,সিংগা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় | ৮। দেশাত্মবোধন গান<br>৯। রবীন্দ্র সঙ্গীত<br>১০। নজরুল সঙ্গীত<br>১১। উচ্চাংগ সঙ্গীত<br>১২। লোক সঙ্গীত<br>১৩। জারী গান<br>১৪। তাৎক্ষণিক অভিনয়<br>১৫। নৃত্য(উচ্চাংগ)<br>১৬। লোক নৃত্য | ক গ্রুপ ঃ ৬ষ্ঠ হতে ৮ম<br>খ গ্রুপ ঃ ৯ম হতে ১০ম<br>গ গ্রুপ ঃ ১১শ হতে ১২শ<br>ঘ গ্রুপ ঃ ১৩শ হতে ১৭শ | তাং- ২৩/০৪/২০২৪<br>সকাল ঃ ১০.০০ ঘটিকা<br>স্থান ঃ উপজেলা পরিষদ হল রুম |
| ০৪ | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। উপজেলা একাডেমিক সুপারভাইজার<br>৪। অধ্যক্ষ, দূর্গাপুর মহিলা কলেজ | শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্লস গাইড, রোভার, রেঞ্জার ইত্যাদি। | | তাং-২৩/০৪/২০২৪<br>সকাল ঃ ১০.০০ ঘটিকা<br>স্থান ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস |

সভাপতি উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ /২০২৪ নীতিমালা অনুযায়ী সকল বিষয় সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে কমিটির সকল সদস্যকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

22/03/24

(মোঃ আব্দুল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন কমিটি-২০২৪
দূর্গাপুর, রাজশাহী।

স্মারক নং- ৩৭.১০.৮১৩১.০০০.৯৯.০০২.২৪-৭২

তারিখ : ১২ মার্চ ২০২৪ খ্রি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরন করা হলো।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দূর্গাপুর, রাজশাহী।
০২। উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, রাজশাহী।
০৩। ..............................................কর্মকর্তা, দূর্গাপুর, রাজশাহী।
০৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ........................................................,দূর্গাপুর, রাজশাহী।
০৫। সংরক্ষণ নথি।

(মোহাঃ জাহীদুল হক)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন কমিটি-২০২৪
দূর্গাপুর, রাজশাহী।